

তত্ত্বাবধায়ক - এর
রক্ষণাবেক্ষণ নির্দেশিকা
পি এস এফ

পাম্প
এয়ারেশন ট্রে
এয়ারেশন পাইপ
পানি সংগ্রহ নল

খোয়া-বালুর আধার
ফিল্টার বেডের চালা
পরিশোধিত পানির আধার
আন্ডার ড্রেনেজ ইনলেট পাইপ




সংসারের সকল কাজে নিরাপদ পানি ব্যবহার করুন

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্প (এম পর্ব) এর আওতায় প্রণীত




নিয়মিত
পরিচালনা
ও
রক্ষণাবেক্ষণ
(দৈনিক/ সাপ্তাহিক/
পাক্ষিক/মাসিক)



১. দিনে অন্তত ১ বার পানি সংগ্রহ নলের গোড়া, পাটাতন, নালা ও চারপাশ পরিষ্কার করতে হবে।



২. পিএসএফ-এর উপরিভাগে পাতা বা যে কোন পঁচনশীল বস্তু থাকলে তা পরিষ্কার করতে হবে।




৩. হস্তচালিত পাম্পের কার্যকারিতা পরীক্ষা করতে হবে। বাকेट, নাট বোল্ট, নোজপিন, ফালক্রাম পিন ঠিক আছে কিনা দেখতে হবে।

নিয়মিত
পরিচালনা
ও
রক্ষণাবেক্ষণ
(অর্ধবর্ষিক/ বার্ষিক)

পরিশোধিত
পানির
আধারটি
পরিষ্কার
করনঃ



১০. স্কাইরেঞ্জের সাহায্যে পরিশোধিত পানির আধারটির ওয়াশ আউট পাইপের ক্যাপ খুলে পানি বের করে ফেলতে হবে। উপরে "ক" খোলা হচ্ছে এবং নিচে "খ" পানি বের হচ্ছে।



১১. পানির আধারটিতে প্রবেশ করে ঝাড়ু বা ব্রাশ দিয়ে ঘষে পরিষ্কার করতে হবে।



১৮. আন্ডার ড্রেনেজ পাইপের সংযোগ ঠিক আছে কিনা দেখতে হবে। না থাকলে সঠিক ভাবে সংযোগ প্রদান করতে হবে।



১৯. ব্লিচিং পাউডার মেশানো দ্রবন দিয়ে আধারটি ধুয়ে দিতে হবে।




২০. একদিন সূর্যের আলোতে ফিল্টার চেম্বারটি শুকাতে হবে।




২১. অতপরঃ খোয়াগুলো বুড়িতে করে ভালোভাবে পানিতে পরিষ্কার করতে হবে।



৪. এয়ারেশন ট্রেতে পাতা বা যে কোন ময়লা জাতীয় উপাদান জমলে তা পরিষ্কার করতে হবে।



৫. পানির আধারে পানির উচ্চতা পরীক্ষা করতে হবে। উচ্চতা কম থাকলে পাম্প করে বেড়ে পানি দিতে হবে।




৬. হস্তচালিত পাম্পের নাট- বোল্ট ও পিন গুলো পরিষ্কার করতে হবে এবং গ্রীজ বা মবিল লাগাতে হবে।



৭. পুকুরে ভাসমান জলজ উদ্ভিদ, খড়কুটা, ডালপালা ইত্যাদি পরিষ্কার করতে হবে।

ব্লিচিং পাউডার- এর দ্রবন তৈরী করার পদ্ধতিঃ

১ বালতি পানির মধ্যে আনুমানিক ১০০ গ্রাম ব্লিচিং পাউডার দিয়ে ভালোভাবে মেশাতে হবে।



১২. পরিশোধিত পানির আধারটির ঢাকনা খুলে ব্লিচিং পাউডার মেশানো দ্রবন আধারটির ভিতর দিতে হবে।



১৩. এরপর পরিশোধিত পানির আধারটি পরিষ্কার পানি দিয়ে ভালোভাবে ধুয়ে দিতে হবে।

খোয়া- বালুর ফিল্টার পরিষ্কার করন



খোয়া- বালুর ফিল্টার তোলা ও নতুন করে খোয়া- বালুর ফিল্টার তৈরীর পদ্ধতিঃ



২২. পরিষ্কার করা খোয়াগুলোকে ফিল্টার চেম্বারটিতে সঠিক নিয়মে প্রতিস্থাপন করতে হবে। খোয়ার বেডের উচ্চতা ১'-৬" হতে হবে।



২৩. ফিল্টার চেম্বারটিতে খোয়ার উপরিভাগে ২'-০" মোটা বালুর বেড স্থাপন করতে হবে। বালু কম পরলে নতুন বালু দিতে হবে।



২৪. এয়ারেশন ট্রেতে ব্যবহৃত খোয়া গুলো ধুয়ে ফেলতে হবে।



২৫. ফিল্টার চেম্বারটির ওয়াশ আউট পাইপের মুখ আটকে দিতে হবে।





৮. পুকুর হতে পানি সংগ্রহ নল ও ফিল্টারটি সঠিকভাবে সংযোগ আছে কিনা পরীক্ষা করতে হবে।



৯. ফিল্টার বেড হতে বালুর উপরিভাগ থেকে ০' - ৬" পরিমাণ বালু তুলে ফেলতে হবে এবং নতুন করে সমপরিমাণ বালু দিয়ে পূর্ণ করে দিতে হবে।

পাম্পের বিভিন্ন অংশের পরিচিতিঃ




১৪. ফিল্টার চেম্বারের ঢালা তুলতে হবে।



১৫. পাইপরেঞ্জের সাহায্যে ওয়াশ আউট পাইপের ক্যাপ ২ টি খুলতে হবে।



১৬. ওয়াশ আউট পাইপের সাহায্যে পানি বের করে ফেলার পর বালি ও খোয়ার ফিল্টার তুলে ফেলতে হবে।



১৭. একটি পরিষ্কার জায়গায় বালি ও খোয়া আলাদাভাবে রাখতে হবে।



২৬. ব্যাক ওয়াশের জন্য পাম্প করে ফিল্টার চেম্বারটি পানি দিয়ে পূর্ণ করতে হবে।



২৭. ফিল্টার চেম্বারটির ওয়াশ আউট পাইপের মুখ পুনঃরায় খুলে দিতে হবে যাতে করে ময়লা পানি বের হয়ে যায়।



২৮. পরিশোধিত পানির আধারটিতে খাড়া পাইপটি ঠিক আছে কিনা দেখতে হবে।



২৯. ফিল্টার বেডের ঢালা ঠিক আছে কিনা, না থাকলে মেরামত করতে হবে। এরপর পাম্প করে পি এস এফ টি চালু করতে হবে।

যে সকল সমস্যা দেখা দিতে পারেঃ

ট্যাপে পানি প্রবাহ কম হলেঃ

ধাপ- ১

পানির আধারে পানির উচ্চতা চিহ্ন নং ৫ অনুযায়ী পরীক্ষা করতে হবে। উচ্চতা কম থাকলে পাম্প করে বেড়ে পানি দিতে হবে। পানির উচ্চতা ঠিক থাকা সত্ত্বেও যদি পানির প্রবাহ কম হয়, তবে ধাপ-২ অনুসরণ করতে হবে।

ধাপ- ২



পানি সংগ্রহ নল জাম হয়েছে কিনা দেখতে হবে।



প্রয়োজনে ট্যাপ পরিবর্তন করতে হবে।

ধাপ- ৩

ধাপ- ১ ও ২
অনুসরণ করার পরেও
পানি প্রবাহ কম হলে
ধাপ- ৩ অনুসরণ
করতে হবে।

বালুর ফিল্টার বেড পরিষ্কার করতে হবে বা ছবি নং ৯ অনুসরণ করে বালুর বেডের উপরিতল হতে ৬" পরিমাণ বালু তুলে নিতে হবে এবং প্রয়োজনমত নতুন বালু দিতে হবে।

পাম্পে পানি আসে না বা পানি তোলার ক্ষেত্রে বেশ কয়েকবার চাপ দিতে হয় তবে বুঝতে হবে বাকেট বা লেদার সিট ভাঙল নষ্ট হয়ে গেছে।

এক্ষেত্রে বাকেট বা লেদার সিট ভাঙল পরিবর্তন করতে হবে।


যেভাবে বাকেট ও লেদার সিট ভাঙল পরিবর্তন করতে হবেঃ



ক. স্লাইরেঞ্জের সাহায্যে পাম্পের নাট-বোল্ট খুলে ফেলতে হবে।



খ. পাম্প বডি হতে পিস্টন রডসহ হেড কভার আলাদা করতে হবে।



গ. স্লাইরেঞ্জের সাহায্যে পিস্টন রড হতে ট্রেটি যুক্ত বাকেটটি খুলে পরিবর্তন করতে হবে।



ঘ. পিস্টন রডসহ পুনরায় হেড কভার যথাস্থানে স্থাপন করে নাট-বোল্ট দিয়ে আটকে দিতে হবে।



ঙ. লেদার সিট ভাঙল পরিবর্তন করতে বেইজ প্লেটের নাট-বোল্ট খুলে ফেলতে হবে।



চ. বেইজ প্লেটের উপর হতে পাম্প বডি আলাদা করতে হবে।



ছ. বেইজ প্লেটের উপর হতে নষ্ট সিট ভাঙল খুলে নতুন সিট ভাঙল লাগাতে হবে।



জ. পাম্প বডি বেইজ প্লেটের উপর স্থাপন করে নাট-বোল্ট দিয়ে আটকে দিতে হবে।

যে সকল বিষয় লক্ষ্য রাখতে হবেঃ

- পুকুরের আশেপাশে লেট্রিন বা ময়লার স্তম্ভ রাখা যাবে না।
- পুকুরে মানুষ বা গবাদি পশুপাখি গোসল ও মাছ চাষ থেকে বিরত রাখতে হবে।
- পুকুরে পর্যাপ্ত সূর্যের আলো পাওয়া যায় সেদিকে খেয়াল রাখতে হবে। এর জন্য পুকুরের পারে কোন গাছপালা থাকলে কেটে বা ছেটে রাখতে হবে। অথবা নারকেল, খেজুর জাতীয় গাছ লাগাতে হবে, যা থেকে পাতা ঝড়ে পুকুরে না পড়ে।
- পুকুরের চারপাশ পরিষ্কার রাখতে হবে। কোন নালা নর্দমা, গাছের পাতা, ডাল বা অন্যান্য পচনশীল উপাদান যাতে পুকুরের পানিতে না মিশে সে দিকে সতর্ক থাকতে হবে। পচনশীল পদার্থ পানিতে মিশে বিশাক্ত গ্যাস তৈরি হয়, যা মানব দেহের জন্য ক্ষতিকর।
- এক কলসি পানি সংগ্রহ করলে এক কলসি পানি পাম্প করে পূর্ণ করতে হবে অথবা যে পরিমাণ পানি ফিল্টার থেকে সংগ্রহ করা হবে সে পরিমাণ পানি পাম্প করে ফিল্টারে দিতে হবে।
- পুকুর হতে পানি সংগ্রহ নলটির সাথে সংযুক্ত পিভিসি ফিল্টারটি সঠিকভাবে সংযোগ আছে কিনা তা পরীক্ষা করতে হবে। অনেক সময় ফিল্টার না থাকার জন্য মাছ, ব্যাঙ বা অন্য কোন বস্তু পাইপে ঢুকে পাইপের মুখবন্ধ হয়ে যেতে পারে। এর ফলে পুকুরের ফিল্টারের পুরো ব্যবস্থাটাই অকেজো হওয়ার সম্ভাবনা থাকে।

যে সকল কারণে নলকূপ মেকানিক বা স্থানীয় মিস্ত্রীর সাহায্য লাগতে পারেঃ

- বাকেট ও সিট ভাল্ব ঠিক থাকা স্বত্তেও পাম্পে পানি না আসলে।
- পাম্পের গোড়ার সাথে পুকুরের সংযোগ পাইপ বিচ্ছিন্ন হলে।
- পি এস এফ- এর ফিল্টার বা পরিশোধিত পানির আধারের বেস বা গোড়া লিক করলে।
- পি এস এফ- এর দেওয়ালে ফাটল দেখা দিলে।
- পি এস এফ- এ সংযুক্ত পাম্প মেরামত ও রক্ষনাবেক্ষণের জন্য ৬নং হস্তচালিত পাম্প মেরামত ও রক্ষনাবেক্ষন মেনুয়াল দেখুন।

সতর্কতাঃ

যেদিন পি এস এফ- এর ফিল্টার বেড পরিষ্কার করা হবে (চিত্র নং ১০ শুরুর হতে), সেদিন ও তার পরের দিনের জন্য সকল ব্যবহারকারীগণ খাবার ও রান্নার কাজের প্রয়োজনীয় পানি সংগ্রহ করে রাখবেন।

